



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

১৫ জুন, ২০১৭

## প্রেস বিজ্ঞপ্তি

“গৃহশ্রমিকের জন্য আইনি সুরক্ষা, আন্তর্জাতিক সনদ: বর্তমান অবস্থা ও করণীয়”

বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

আজ ১৫জুন, ২০১৭বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর সথি প্রকল্প এবং জাতীয় গার্হস্থ্য শ্রমিক ইউনিয়ন এর যৌথ উদ্যোগে ‘গৃহশ্রমিকের জন্য শোভন কাজ’ শীর্ষক আইএলও কনভেনশন ১৮৯ অবিলম্বে অনুস্বাক্ষর করে তার আলোকে গৃহশ্রমিকের জন্য শ্রম আইন প্রণয়ন করার লক্ষ্যে গৃহশ্রমিকের অধিকার, মর্যাদা, নিরাপত্তা ও কল্যাণ সুরক্ষায় আইএলও কনভেনশন ও গৃহশ্রমিকের জন্য আইনি সুরক্ষা, আন্তর্জাতিক সনদ: বর্তমান অবস্থা ও করণীয় শীর্ষক এক মতবিনিময়সভা জাতীয় প্রেস ক্লাব, ঢাকায় অনুষ্ঠিত হয়।

সম্মানিত অতিথি হিসেবেউপস্থিত ছিলেনজনাব ইসরাফিল আলম এম.পি, সদস্য, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি; অধ্যাপক ইয়াসিন আলী, এম.পি., এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনাব আমিনুল ইসলাম, যুগ্ম সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়; ডা. ওয়াজেদুল ইসলাম খান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র, আইএলও প্রতিনিধিসুরাইয়া বানু। অনুষ্ঠান সঞ্চালনা করেন এডভোকেট মো: বরকত আলী, উপ-পরিচালক (আইন), ব্লাস্ট। জনাব ইসরাফিল আলমএম.পি.বলেন, গৃহশ্রমিকের সুরক্ষার জন্য আইন প্রণয়ন করা প্রয়োজন এবং এ সংক্রান্ত বিভিন্ন আইন ও নীতিমালা গুলোর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

স্বাগত বক্তব্য প্রদান করেন, মুর্শিদা আখতার, সাধারণ সম্পাদক, জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়ন। সভায় মূল বক্তব্য উপস্থাপন করেন জনাব আবুল হোসাইন, উপদেষ্টা, জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়ন।

অনুষ্ঠানটি সঞ্চালনা এবং সমাপনী বক্তব্য প্রদান করেন এডভোকেট মো: বরকত আলী, উপ-পরিচালক, লিগ্যাল সেল, ব্লাস্ট। তিনি তার বক্তব্যে আইএলও কনভেনশন ১৮৯ অনুস্বাক্ষর করার কথা জোর দিয়ে তিনি গৃহশ্রমিকদের সুসংগঠিত হওয়া, এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির উপর ও গুরুত্বারূপ করেন।

উক্ত সভায় আরো অংশগ্রহণ করেন ট্রেড ইউনিয়ন প্রতিনিধি, আইনজীবী, এনজিও প্রতিনিধি, গৃহশ্রমিক নেতৃবৃন্দ ও সাধারণ গৃহশ্রমিকসহ অন্যান্য।

প্রেক্ষাপট: আগামী ১৬ জুন আন্তর্জাতিক গৃহশ্রমিক দিবস। ২০১২ সালের এই দিনে গৃহশ্রমিকের জন্য প্রনীত আইএলও কনভেনশন ১৮৯ গৃহীত হয়। ২০১৩ সাল থেকে আন্তর্জাতিক গৃহশ্রমিক ফেডারেশন (IDWF) দিবসটি আন্তর্জাতিক গৃহশ্রমিক দিবস হিসেবে পালন করে আসছে।

### বার্তাপ্রেরক:

মাহবুবাআক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: [mahbuba@blast.org.bd](mailto:mahbuba@blast.org.bd)